

২০২৮ সালে প্রাথমিকে নতুন কারিকুলাম : ববি হাজ্জাজ

নিজস্ব প্রতিবেদক

১৮ মে ২০২৬, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক

আমাদের সময়



প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ বলেছেন, ডিজাইন, প্রশিক্ষণ ও পাইলটিং কার্যক্রম শেষে ২০২৮ সালে

প্রাথমিকের শিক্ষার্থীরা নতুন কারিকুলামের আওতায় আসবে। আগামী এক বছরের মধ্যে কারিকুলামের

ডিজাইন সম্পন্ন করা হবে। এরপর ২০২৭ ও ২০২৮ সালে শিক্ষকদের প্রশিক্ষণ দেওয়া হবে।

গতকাল রবিবার ময়মনসিংহে জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি আয়োজিত ‘প্রাথমিক স্তরের ভাষার দক্ষতা উন্নয়ন পাইলটিং কার্যক্রমের বেইজলাইন রিপোর্ট শেয়ারিং’ সভায় তিনি এসব কথা বলেন।

প্রতিমন্ত্রী বলেন, এখন থেকে প্রাথমিক শিক্ষার মূল মাপকাঠি হবে শিক্ষার্থীরা কতটুকু শিখছে। শ্রেণিকক্ষে শিক্ষার মানের ভিত্তিতেই সংশ্লিষ্ট কর্মকর্তাদের মূল্যায়ন করা হবে। এজন্য উন্নত শ্রেণিকক্ষ ও ওয়াশরুম নিশ্চিত করার ওপরও গুরুত্ব দেওয়া হচ্ছে।

তিনি আরও বলেন, নতুন কারিকুলামে ভাষা, গণিত, সিটি এডুকেশন, খেলাধুলা ও সংস্কৃতিকে সমান গুরুত্ব দেওয়া হবে। এই শিক্ষা শুধু শ্রেণিকক্ষে সীমাবদ্ধ থাকবে না; শিক্ষার্থীদের বাস্তব দক্ষতা অর্জনের দিকেও গুরুত্ব দেওয়া হবে।

সভায় নেপের মহাপরিচালক ফরিদ আহমদসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।